অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল জনস্বাস্থ্য সুরক্ষায় এবং চলমান মহামারী সাড়াদান সমর্থনে নতুন কোভিড-19 প্রস্তুতি উদ্যোগ ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেট স্কুলে ফিরে যাওয়া এবং মৌসুমি মহামারী উত্থানের জন্য "ফল কর্ম পরিকল্পনা" তৈরি করছে

কোভিড-19 মহামারীর সাড়াদানের স্বাধীন কর্মপরবর্তী পর্যালোচনার জন্য RFP প্রকাশ

গভর্নর ক্যাথি হোকল আজকে জনস্বাস্থ্য সুরক্ষায় এবং নিউ ইয়র্ক স্টেটের চলমান মহামারী সাড়াদান সমর্থনে নতুন কোভিড-19 প্রস্তুতি উদ্যোগ ঘোষণা করলেন। গভর্নর হোকল ঘোষণা করলেন যে স্টেট জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে একটি ফল কর্মপরিকল্পনা (Fall Action Plan) তৈরির জন্য যাতে বছরের শেষের দিকের সম্ভাব্য মৌসুমি কোভিড-19 উত্থানের সম্ভাবনার মোকাবেলা করা যায়, এবং একই সাথে শিক্ষার্থীদের এই ফল মৌসুমে নিরাপদে স্কুলে ফিরে যেতে দিতে পার কৌশল স্থির করা যায়। এছাড়াও গভর্নর হোকল ঘোষণা করেছেন যে স্টেটের কোভিড-19 সাড়াদান মূল্যায়ন করার জন্য, কী কাজ করেছে এবং কী কাজ করেনি তা সনাক্ত করার জন্য, এবং সকল স্থানীয় সরকারের জরুরি সাড়াদান প্রচেষ্টার পরিকল্পনার ক্ষেত্রে নির্দেশনা হিসেবে কাজ করার জন্য একটি স্বাধীন কর্মপরবর্তী পর্যালোচনার (After-Action Review) জন্য প্রস্তাবনার অনুরোধ (Request for Proposals, RFP) প্রকাশ করা হয়েছে।

"প্রথম দিন থেকেই আমার শীর্ষ অগ্রাধিকার নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা, বিশেষ করে যখন আমরা এই মহামারী নিরাপদে পার করাকে অগ্রাধিকার দিচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "আমার দল রাতদিন কাজ করছে ভবিষ্যৎ মহামারী উত্থানের বিরুদ্ধে আমাদের প্রস্তুতিকে জোরদার করার জন্য এবং স্বল্প ও দীর্ঘ উভয় মেয়াদে অন্যান্য সংশ্লিষ্ট জনস্বাস্থ্য জরুরি অবস্থার জন্য। আমরা কোভিড-19 এর বিরুদ্ধে আমাদের লড়াইয়ে সত্যিকারের অগ্রগতি করেছি এবং নিউ ইয়র্ক স্টেট যাতে আগের থেকেও শক্তিশালী হয়ে প্রত্যাবর্তন করে তা নিশ্চিত করতে আমরা সতর্ক আছি।"

"যেহেতু মহামারীর অগ্রসর হওয়া এবং পরিবর্তন অব্যাহত আছে, আমাদেরকে অবশ্যই নতুন নতুন স্ট্রেইনের জন্য প্রস্তুত থাকতে হবে," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো**

বলেন। "যেহেতু শিক্ষার্থীরা এই ফল মৌসুমে স্কুলে ফিরে যাচ্ছে, তাই আমাদের ভবিষ্যৎ ভ্যারিয়েন্টের মোকাবেলা করার পরিকল্পনা রাখতে হবে।"

ফল কর্মপরিকল্পনার পটভূমি

স্টেট সক্রিয়ভাবে একটি ফল কর্মপরিকল্পনার প্রস্তুত করছে যাতে এই বছরের শেষের দিকের সম্ভাব্য উত্থানের মোকাবেলা করা যায়। স্বাস্থ্য পলিসি বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে পরিকল্পনা করা হচ্ছে এবং জুনের মাঝামাঝি স্টেট আয়োজিত মহামারী সম্পর্কিত বিষয়ে বাসিন্দাদের জরিপ করা একটি জনমত জরিপের মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের মতামতও গৃহীত হবে।

ফল পরিকল্পনার মনোযোগ থাকবে নিচের বিষয়গুলির উপর, কিন্তু তা এতে সীমাবদ্ধ থাকবে না:

- স্কুলে ফেরত যাওয়ার কৌশল, যেখানে স্কুলবর্ষ শুরু হওয়ার পূর্বে স্কুলগুলিতে 3 মিলিয়ন টেস্ট বিতরণ অন্তর্ভুক্ত থাকবে।
- আরো বেশি নিউ ইয়র্কবাসীকে টিকা ও বুস্টার প্রদান করা, যার মধ্যে থাকবে প্রয়োজন হলে আরেকবার গণ টিকা কেন্দ্র স্থাপন করার সক্ষমতা।
- নিউ ইয়র্কবাসীকে দ্রুত এবং ঘনঘন পরীক্ষা করাতে উৎসাহিত করা।
- চিকিৎসা এবং থেরাপিউটিকসের উপলভ্যতা প্রসার করা, যার মধ্যে থাকবে যেই নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যসেবা পেশাদারদের কাছে তাৎক্ষণিকভাবে যাওয়ার সুযোগ নেই তাদের জন্য জন্য সদ্য শুরু করা স্টেটব্যাপী হটলাইন, এবং সেই সাথে লং কোভিডের প্রভাবে ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীদের সমর্থন করা।
- ব্যক্তিগত সুরক্ষার সরঞ্জামের (personal protective equipment, PPE) স্টকপাইল প্রস্তুত রাখা, যার মধ্যে থাকবে প্রয়োজনমতো ব্যবহার করার জন্য প্রস্তুত 20 মিলিয়ন টেস্ট।
- আমাদের হাসপাতাল ব্যবস্থাকে জোরদার করা, যার মধ্যে রয়েছে স্টেটের সার্জ অপারেশন্স সেন্টারকে (State's Surge Operations Center) বলিষ্ঠ করা যদি এর প্রয়োজন হয়।
- ফেডারেল এবং স্থানীয় অংশীদারদের সাথে সমন্বয় করা।

ফল কর্মপরিকল্পনা নিয়ে গভর্নর হোকলের প্রেজেন্টেশন দেখা যাবে এখানে।

মহামারী কর্মপরবর্তী পর্যালোচনার পটভূমি

এছাড়াও গভর্নর হোকল একটি মহামারী কর্মপরবর্তী পর্যালোচনা তৈরির জন্য প্রস্তাবনার অনুরোধের ঘোষণা দিয়েছেন, যা হলো নিউ ইয়র্ক স্টেটের চলমান মহামারী প্রস্তুতি প্রচেষ্টার একটি অংশ। কর্মপরবর্তী পর্যালোচনার উদ্দেশ্য হলো স্টেটের কোভিড-19 সাড়াদানের পর্যালোচনা করা, কী কাজ করেছে এবং কী কাজ করেনি তা সনাক্ত করা, এবং স্টেট কীভাবে সাড়াদান আরো ভালো করতে পারতো তা পরীক্ষা করা। এছাড়াও পর্যালোচনাটি নিউ ইয়র্ক স্টেট ও অন্যান্য সরকারের জন্য একটি নির্দেশনা হিসেবে থাকবে যা তারা উল্লেখযোগ্য জরুরি অবস্থায় দ্রুত ও কার্যকরভাবে সাড়াদানের জন্য ব্যবহার করতে পারবে, যা হতে পারে মহামারী, প্রাকৃতিক দুর্যোগ বা অন্য কোনও জরুরি পরিস্থিতি যা স্বাভাবিক জীবনে বড় বিঘ্ন সৃষ্টি করে।

পর্যালোচনাটি নিচের উদ্দেশ্যগুলি পূরণ করবে:

- স্টেটের কোভিড-19 সাড়াদানের পর্যালোচনা করবে।
- শক্তি, সেরা অনুশীলন, এবং একইসাথে কোন ক্ষেত্রে পলিসির জনগণের চাহিদা পূরণে ঘাটতি ছিলো সনাক্ত করা এবং জনস্বাস্থ্য প্রস্তুতি ও সাড়াদান উন্নত করতে মূল শিক্ষা সনাক্ত করা।
- একটি কাঠামোবদ্ধ এবং যথাসময়ে মুখ্য ফলাফল রিপোর্ট করা এবং প্রয়োজনে ব্যাখ্যা দান করা।
- মুখ্য সুপারিশ প্রদান করা এবং সেই সুপারিশসমূহকে অগ্রাধিকার বা বিভাগে ভাগ করা।
- ভবিষ্যৎ জরুরি অবস্থায় স্টেটের ব্যবহারের জন্য একটি পরিকল্পনা নির্দেশনা তৈরি করা যেখানে এটি চিহ্নিত থাকবে যে যখন কোভিড-19 পর্যায়ের কোনও জরুরি অবস্থা আসে যা বিদ্যমান পরিকল্পনা দ্বারা সামাল দেওয়া যায় না তখন কী পদক্ষেপ নিতে হবে এবং কীভাবে নির্বাহী সিদ্ধান্ত গ্রহণ করার পথপ্রদর্শন ও নির্দেশনা পাওয়া যাবে সে ব্যাপারে সুপারিশ থাকবে।
- সুপারিশ হতে হবে বিশেষায়িত, সম্ভব, সময়ের মধ্যে সম্ভব, পরিমাপযোগ্য, এবং কর্মপরিকল্পনা যথাযথভাবে অনুবাদযোগ্য।

পর্যালোচনার মনোযোগ থাকবে স্টেটের কোভিড সাড়াদানের মূল বিষয়গুলিতে, যার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকবে কিন্তু যা এর মধ্যে সীমাবদ্ধ থাকবে না:

- মহামারীর চাহিদার আলোকে হাসপাতাল ব্যবস্থাপনা এবং ইনপেশেন্ট ফ্যাসিলিটির ব্যাপারে পলিসি ও নির্দেশনার পর্যালোচনা, যার মধ্যে থাকবে কোন মেডিকেল প্রক্রিয়া সচল থাকতে পারবে এবং থাকা উচিত।
- ব্যক্তিদের, বিশেষ করে দুঃস্থ ব্যক্তিদের সমবেত হওয়ার সেটিংয়ে, যেমন গৃহহীন আশ্রয়কেন্দ্র, গ্রুপ হোম, নার্সিং হোম, জেল ও কারাগারে স্থানান্তরের ব্যাপারে এবং এই সিদ্ধান্তসমূহ নেওয়ার জন্য কোন এনটিটি সর্বাপেক্ষা উপযুক্ত এবং সেই এনটিটির মধ্যকার সংক্রমণ নিয়ন্ত্রণের কার্যকারিতার ব্যাপারে পলিসি ও নির্দেশনার পর্যালোচনা।
- শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়া এবং পুনরায় খুলে দেওয়ার ব্যাপারে, এবং কোভিড-19 চলাকালীন সময়ে কীভাবে শৈশবের প্রথম দিকের, স্কুল বয়স্কদের, বিশেষ শিক্ষার এবং মাধ্যমিক পরবর্তী শিক্ষা কর্মসূচি কীভাবে সামলানো হয়েছিলো এবং ভবিষ্যতে তা কীভাবে সামলানো হবে সেই ব্যাপারে পলিসি ও নির্দেশনার পর্যালোচনা।
- কোন ব্যবসা, শিল্প এবং অনুষ্ঠানকে অত্যাবশ্যকীয় গণ্য করা হবে এবং কোন উদ্দেশ্যে করা হবে তা নির্ধারণ করার নির্ণায়ক।
- নিউ ইয়র্কবাসীদের চাহিদা মেটাতে অত্যাবশ্যকীয় পণ্য নিশ্চিত করা ও সংগ্রহ করা।
- কর্মক্ষেত্রে অত্যাবশ্যকীয় কর্মীদের প্রয়োজনীয় সুরক্ষা, এবং এদের প্রয়োজনীয় কর্মসমূহ ও সেবা, যারা প্রায়শই নিম্ন আয়ের অশ্বেতাঙ্গ সম্প্রদায় থেকে আসে।
- স্টেট এবং এর ফেডারেল ও স্থানীয় পরিপূরকদের মধ্যে সমন্বয়, যার মধ্যে মেয়র, কাউন্টি নেতা এবং অন্যান্য নির্বাচিত কর্মকর্তাদের মধ্যকার সম্পর্ক থাকবে।

- জনগণের সাথে কার্যকর শিক্ষা ও যোগাযোগ, যার মধ্যে থাকবে ডেটা ও অন্যান্য তথ্য ভাগ করে নেওয়া।
- জরুরি প্রক্রিয়া পরিকল্পনা ও বাস্তবায়নের জন্য এবং বিশেষ যেসব কাজ পূরণ করতে হবে তার জন্য প্রয়োজনীয় কর্মী ও বিশেষজ্ঞ।

এক বছরের চুক্তির মেয়াদের অধীনে, উপদেষ্টাকে চুক্তি শুরুর ছয় মাসের মধ্যে অগ্রাধিকার খাতসমূহের পরিকল্পনা ও ফলাফল প্রদান করার অনুরোধ করা হচ্ছে। আরো বিস্তারিত বিশ্লেষণ এবং অতিরিক্ত খাত অন্তর্ভুক্ত করা হবে এক বছরের মধ্যে পরবর্তী ছয় মাস নিয়ে একটি চূড়ান্ত মোট কর্মপরবর্তী প্রতিবেদনের মধ্যে দিয়ে।

পর্যালোচনার উদ্দেশ্য হলো নিউ ইয়র্ক স্টেটের মহামারী সাড়াদান সম্পর্কে আরো ভালোভাবে জানা এবং এর উদ্দেশ্য বাইরের চলমান পর্যালোচনার সাথে দ্বন্দ্ব সৃষ্টি নয়। গভর্নর নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেসের (New York State Division of Homeland Security and Emergency Services) কমিশনার জ্যাকি ব্রেকে কর্মপরবর্তী পর্যালোচনা প্রক্রিয়ার তত্ত্বাবধানের দায়িত্ব দিয়েছেন।

প্রস্তাবনার অনুরোধের একটি কপি পাওয়া যাবে এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418